

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড  
ডিপ্লোমা (পরীক্ষা) শাখা  
www.bteb.gov.bd

নম্বর ৫৭.১৭.০০০০.৩০১.০৩.০০১.১৯.১২

তারিখ ২৪ আশ্বিন ১৪২৬  
০৯ অক্টোবর ২০১৯

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: উত্তরপত্র পুনঃনিরীক্ষণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জুন-জুলাই' ২০১৯ মাসে অনুষ্ঠিত ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং, ডিপ্লোমা-ইন-ট্যুরিজম এন্ড হসপিটালিটি ও সার্টিফিকেট ইন মেরিন ট্রেড শিক্ষাক্রমের পরীক্ষার ফলাফল ০৬-১০-২০১৯ তারিখ বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে (www.bteb.gov.bd) প্রকাশ করা হয়েছে। যে সকল পরীক্ষার্থী উক্ত ফলাফলে উত্তরপত্র পুনঃনিরীক্ষণ করতে ইচ্ছুক তাদেরকে ০৯-১০-২০১৯ হতে ১৭-১০-২০১৯ তারিখের মধ্যে পরীক্ষা নিয়ন্ত্রক বরাবর সাদা কাগজে আবেদন করে ফলাফলের কপি, প্রবেশপত্রের কপি এবং নির্ধারিত ফি-সহ নিজ নিজ প্রতিষ্ঠানে জমা দিতে হবে। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান পরীক্ষার্থীদের আবেদন ও নির্ধারিত ফি গ্রহণের পর অনলাইনে আবেদনের তথ্য এন্ট্রি করতে হবে।

অনলাইনে আবেদনের তথ্য এন্ট্রির ধাপঃ

(www.bteb.gov.bd) এর হোম পেইজে উত্তরপত্র পুনঃনিরীক্ষণ/সুগিত ফলাফল => প্রতিষ্ঠান কোড ও পাসওয়ার্ড দিয়ে উত্তরপত্র পুনঃনিরীক্ষণের তথ্যসমূহ এন্ট্রি করতে হবে।


নিম্নের ছকে উল্লিখিত সময়সূচি মোতাবেক এ সংক্রান্ত কার্যক্রম সম্পন্ন করতে হবেঃ

ক্রমিক নং	কার্যক্রমের বিবরণ	সম্পন্ন করার সময়সীমা	মন্তব্য
১.	অনলাইনে তথ্য এন্ট্রি করা	০৯ অক্টোবর হতে ১৭ অক্টোবর ২০১৯ পর্যন্ত	
২.	প্রতিষ্ঠান কর্তৃক ডিডি করার তারিখ	০৯ অক্টোবর হতে ১৭ অক্টোবর ২০১৯ পর্যন্ত	
৩.	এন্ট্রিকৃত পরীক্ষার্থীদের তালিকা প্রিন্ট করা	০৯ অক্টোবর হতে ১৭ অক্টোবর ২০১৯ পর্যন্ত	
৪.	প্রিন্ট-আউট কপিসহ ডিডি বোর্ডে জমার তারিখ	২০ হতে ২১ অক্টোবর ২০১৯ পর্যন্ত	

পুনঃনিরীক্ষণ ফি বাবদ (বিষয় প্রতি ৩০০ টাকা হারে) আদায়কৃত অর্থ ব্যাংক ড্রাফট/ডিডির (সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা এর অনুকূলে) মাধ্যমে বোর্ডে প্রেরণ করতে হবে। ব্যাংক ড্রাফটটি সোনালী ব্যাংক, আগারগাঁও শাখা, ঢাকা হতে উত্তোলন যোগ্য হতে হবে। অনলাইনে এন্ট্রিকৃত তালিকার প্রিন্ট-আউট কপি এবং প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষরযুক্ত ফরোয়ার্ডিংসহ নিম্নের ছক অনুসারে তালিকা প্রস্তুত করে উল্লিখিত তারিখের মধ্যে উপযুক্ত প্রতিনিধির মাধ্যমে বোর্ডের সংশ্লিষ্ট শাখায় জমা দিতে হবে। এ সংক্রান্ত ব্যয়ভার সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে বহন করতে হবে। উল্লেখ্য, উত্তরপত্র পুনঃনিরীক্ষণ সংক্রান্ত কাজে শিক্ষার্থীদের বোর্ডে প্রেরণ না করার জন্য অনুরোধ করা হলো। অনলাইনে এন্ট্রি ব্যতীত পুনঃনিরীক্ষণের কোন আবেদন গ্রহণযোগ্য হবে না।

ক্রমিক নং	পরীক্ষার্থীর নাম	রোল নম্বর	রেজিস্ট্রেশন নম্বর ও সেশন	পুনঃ নিরীক্ষণের বিষয় কোড	টাকার পরিমাণ (প্রতি বিষয় ৩০০ টাকা হারে)	ডিডি নম্বর, তারিখ ও শাখার নাম	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮

উল্লেখ্য প্রকাশিত ফলাফলে TC, PC, PF এবং G.P.A সংক্রান্ত সংশোধনের জন্য উপযুক্ত প্রমাণকসহ ( যেমন হাজিরা শিট, নম্বরপত্র ইত্যাদি) প্রতিষ্ঠান/ কেন্দ্রের মাধ্যমে (যেখানে যা প্রযোজ্য) আবেদন করতে হবে। সেক্ষেত্রে প্রতিষ্ঠান জরিমানা প্রযোজ্য হবে।



৯-১০-২০১৯

ড. প্রকৌঃ সুশীল কুমার পাল  
পরীক্ষা নিয়ন্ত্রক

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
- ২) মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর
- ৩) সচিব, সচিবের দপ্তর, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
- ৪) উপপরীক্ষা নিয়ন্ত্রক, সার্টিফিকেট শাখা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
- ৫) উপপরীক্ষা নিয়ন্ত্রক, গোপনীয় শাখা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
- ৬) উপপরিচালক, হিসাব শাখা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
- ৭) সিস্টেম এনালিস্ট-১, কম্পিউটার সেল, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
- ৮) ইনফরমেশন অফিসার, সংস্থাপন শাখা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
- ৯) চেয়ারম্যানের ব্যক্তিগত কর্মকর্তা, চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড